NYC Department of Education

শিক্ষার্থী ভর্তি অফিস

পছন্দ করা: তোমার জন্য উপযুক্ত হাই স্কুলটি খুঁজে পাওয়া

বিশেষ শিক্ষা পরিষেবা গ্রহণকারী শিক্ষার্থীদের জন্য একটি দিকনির্দেশনা

এখানে প্রদত্ত তথ্য "হাই স্কুলে ভর্তিচ্ছু প্রতিবন্ধী শিক্ষার্থী: ২০০৮-২০০৯-এর প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন"-থেকে নেয়া হয়েছে। পুরো ডকুমেন্টটি এবং এর অনূদিত সংস্করণ নিম্নলিখিত ওয়েবসাইটে পাওয়া যাবে: http://schools.nyc.gov/Academics/SpecialEducation/ParentResources

ভূমিকা

প্রতিবন্ধী শিক্ষার্থীরা তাদের অ-প্রতিবন্ধী সহপাঠীদের মত একই পদ্ধতিতে হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করে থাকে। ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা (আইইপি) রয়েছে এমন সব শিক্ষার্থীর ক্ষেত্রে এটি প্রযোজ্য। এ পরিকল্পনায় সুপারিশ করা হয় যে তারা নিয়মিত স্কুল ব্যবস্থায় কর্মসূচিতে অংশগ্রহণ করবে। স্প্যাশায়ালাইজড ডিস্ট্রিক্ট ৭৫(বিশেষায়িত ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচি) প্রোগ্রাম বা নিউ ইয়র্ক অনুমোদিত নন-পাবলিক স্কুল কর্মসূচিতে যেসব প্রতিবন্ধী শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে তাদেরকে ভিন্ন প্রক্রিয়ায় স্কুলে ভর্তি করা হবে।

অ-প্রতিবন্ধী শিক্ষার্থীদের মত একই যোগ্যতা সম্পন্ন প্রতিবন্ধী শিক্ষার্থীরা নিউ ইয়র্ক সিটি হাই স্কুল ডিরেক্টরিতে উল্লেখিত সকল স্কুল এবং/বা কর্মসূচির জন্য আবেদন করতে পারবে। প্রতিবন্ধী শিক্ষার্থীরা বিশেষায়িত হাই স্কুল ভর্তি পরীক্ষায় (এসএইচএসএটি) অংশগ্রহণ করতে এবং বিশেষায়িত হাই স্কুল ফ্লোরেলো লাগার্ডিয়া হাই স্কুল অব মিউজিক এন্ড আর্ট পারফরমেন্সসহ সকল অডিশন প্রোগ্রামের জন্য আবেদন করতে পারবে।

হাই স্কুল বনাম মিড্‌ল্ স্কুল বিশেষ শিক্ষা সেবা

হাই স্কুল পর্যায়ে আপনার সন্তান বিভিন্ন বিষয়ের জন্য বিভিন্ন সেবা প্রদান মডেলের সমন্বয়ে সেবা পেতে পারে বা আপনার সন্তানকে যথার্থতা অনুসারে বিভিন্ন বিষয়ে মূলধারায় আনা হতে পারে। বিভিন্ন বিষয়ে যেকোন ধরনের সেবা প্রদান মডেলের সমন্বয়ই যথার্থ হতে পারে। এসব তথ্য আপনার সন্তানের আইইপি-তে থাকবে। সহযোগিতামূলক দলগত শিক্ষকতা (সিটিটি) বা বিশেষ শিক্ষা সেবা গ্রহণকারী শিক্ষার্থীদের দিনের প্রত্যেকটি ক্লাসেই যে একই সাথে অংশগ্রহণ করতে হবে এমন কোন কথা নেই।

আপনার সন্তানের মাধ্যমিক-পরবর্তী লক্ষ্য নিয়ে বা কোন ধরনের ডিপ্লোমা সে অর্জন করতে চায় সে বিষয়টিও চিন্তা করা জরুরি। আপনার সন্তানের ডিপ্লোমার লক্ষ্য অর্জনে তার যে বিশেষ শিক্ষা সহায়তা এবং সেবা প্রয়োজন তার আইইপি-তে এর প্রতিফলন থাকা উচিত। এটি মনে রাখা জরুরি যে সাধারণ শিক্ষা পাঠক্রমে এবং স্টেট পরীক্ষায় আপনার সন্তানের অংশগ্রহণ তার ডিপ্লোমার লক্ষ্যকে প্রভাবিত করবে। প্রতিবন্ধী শিক্ষার্থীদের অবশ্যই ডিপ্লোমা অর্জনের জন্য নিউ ইয়র্ক স্টেট প্রতিষ্ঠিত মানদন্ড (নিচে দেখুন) অর্জন করতে হবে।

ডিস্ট্রিক্ট ৭৫ থেকে কম্যুনিটি হাই স্কুলে স্থানান্তর

ডিস্ট্রিক্ট ৭৫ মিড্‌ল্ স্কুলে এমন শিক্ষার্থী রয়েছে যারা কম্যুনিটি হাই স্কুলে স্থানান্তরিত হবার জন্য প্রস্তুত হচ্ছে। এসব শিক্ষার্থীদের হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে। তবে কম্যুনিটি হাইস্কুলে যাবার পূর্বে এসব শিক্ষার্থীদের নতুন আইইপি তৈরির জন্য এক আইইপি বৈঠকে অংশ নিতে হবে। নতুন আইইপি-তে কম্যুনিটি হাই স্কুলে বিশেষ শিক্ষা সেবার সুপারিশ থাকবে। আপনার সন্তানের জন্য কম্যুনিটি স্কুল কর্মসূচি যথার্থ হবে কিনা তা নিয়ে স্কুল মনোবিদ, আপনার সন্তানের শিক্ষক এবং পুরো আইইপি টিমের সাথে কথা বলাটা জরুরি।

ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচি অব্যাহত রাখা প্রয়োজন যাদের

ডিস্ট্রিক্ট ৭৫ মিড্‌ল্ স্কুল প্রোগ্রামের যেসব শিক্ষার্থীর ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচি চালিয়ে যাওয়া প্রয়োজন তারা হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করবে না। এসব শিক্ষার্থীদের ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল মে বা জুন মাসে হাই স্কুল ভর্তির ব্যাপারে নোটিস প্রদান করবে। ডিস্ট্রিক্ট ৭৫ অন্তর্ভুক্ত কর্মসূচির যেসব শিক্ষার্থী এ কর্মসূচিতেই রয়ে গেছে তারা হাই স্কুল অন্তর্ভুক্ত কর্মসূচির জন্য ডিস্ট্রিক্ট ৭৫ পরিচালিত আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণ করবে। ডিসেম্বরে আপনার ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল আবেদনপত্র প্রদান করবে। আপনাকে আপনার সন্তানের ভর্তি সম্পর্কে বসন্তের শুরুতে নোটিস প্রদান করা হবে।

আইইপি রয়েছে এমন শিক্ষার্থীদের জন্য হাই স্কুল ভর্তি প্রক্রিয়া

শিক্ষার্থীর আবেদনপত্রে তার বর্তমান বিশেষ শিক্ষা সেবা, ৭ম গ্রেডের উপস্থিতি সংক্রান্ত তথ্য, পঠন ও গণিত প্রমিতমান পরীক্ষার ফলাফল এবং বিষয় অনুসারে গ্রেড সম্পর্কিত তথ্যের উল্লেখ থাকবে।

আপনি আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর, হাই স্কুল ডিরেক্টরি, হাই স্কুল মেলা এবং পিতামাতা কর্মশালার মাধ্যমে কোন স্কুলে আপনার সন্তানের প্রয়োজনীয় কর্মসূচি ও সেবা রয়েছে তা খুঁজে বের করতে পারেন। প্যারেন্ট কোঅর্ডিনেটর, প্রিন্সিপ্যাল, অ্যাসিস্টেন্ট প্রিন্সিপ্যাল, স্কুল ওপেন হাউস এবং ডিওই ওয়েবসাইট থেকেও আপনি দরকারি তথ্য পেতে পারেন।

বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীরা যেকোন হাই স্কুলেই আবেদন করতে পারবে এবং স্কুলগুলোর কাছ থেকে প্রত্যাশা করা হয় তারা তাদের স্কুলে ভর্তির যোগ্য সব শিক্ষার্থীর জন্য নমনীয় বিশেষ শিক্ষা সহায়তা গড়ে তুলবে। তবে সব সেবা প্রদান মডেল (যেমন: বিশেষ ক্লাস) হয়ত সব স্কুলে পাওয়া যাবে না । আপনার সন্তান কোন হাই স্কুলে ভর্তি হবার পর সেই স্কুলের আইইপি টিম তার স্কুলে প্রথম ক্লাস করার ৩০ দিনের মধ্যে একটি আইইপি তৈরির জন্য বৈঠকে বসবে। এই আইইপি-তে আপনার সন্তানের বিশেষ শিক্ষা চাহিদা পূরণের জন্য সেবা প্রদান মডেলের সুপারিশ করা হবে।

ডিপ্লোমার শর্তাবলি

পুরো মিড্ল্ স্কুল জুড়ে বাৎসরিক পর্যালোচনার সময় আপনার সন্তানের হাই স্কুল লক্ষ্য ও প্রয়োজনীয় বিশেষ শিক্ষা সেবা নিয়ে আপনার ও আপনার সন্তানের আলোচনা শুরু করা উচিত। ১৫ বছরের শুরুতে বা তারও আগে (প্রযোজ্য ক্ষেত্রে) আপনার সন্তানের আইইপি-তে অবশ্যই তার মাধ্যমিক-পরবর্তী লক্ষ্য উল্লেখ থাকতে হবে। আপনার সন্তান কোন ধরনের ডিপ্লোমা অর্জন করতে পারে তা নিয়ে এ সময় আপনাকে অবশ্যই চিন্তা করতে হবে এবং স্কুল কর্মীদের সাথে এ নিয়ে আলোচনা করতে হবে। এসব ডিপ্লোমার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

ডিপ্লোমার ধরন	*শর্তাবলি*	*মাধ্যমিক-পরবর্তী বিকল্প*
উচ্চতর রিজেন্টস	কমপক্ষে ৪৪ ক্রেডিট; ৮টি রিজেন্ট পরীক্ষায় ৬৫% বা তার বেশি নম্বর নিয়ে উত্তীর্ণ	৪-বছরের কলেজ/ইউনিভার্সিটি; প্রতিযোগিতামূলক চাকরি, সামরিক বাহিনীতে যোগদান
রিজেন্টস	কমপক্ষে ৪৪ ক্রেডিট; ৫টি রিজেন্ট পরীক্ষায় ৬৫% বা তার বেশি নম্বর নিয়ে উত্তীর্ণ	৪-বছরের কলেজ/ইউনিভার্সিটি; প্রতিযোগিতামূলক চাকরি, সামরিক বাহিনীতে যোগদান
স্থানীয়	কমপক্ষে ৪৪ ক্রেডিট; ৫টি রিজেন্ট পরীক্ষায় বা রিজেন্ট যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ	৪-বছরের কলেজ/ইউনিভার্সিটি; প্রতিযোগিতামূলক চাকরি, সামরিক বাহিনীতে যোগদান
আইইপি	আইইপিতে উল্লিখিত শিক্ষাগত লক্ষ্য অর্জন	কিছু নির্দিষ্ট ধরনের চাকুরি, কলেজ বা সামরিক বাহিনীর কাজে গ্রহযোগ্য নয়।

সীমিত সচলতার জন্য প্রবেশযোগ্যতা

প্রবেশযোগ্য সাইট বা স্থান হল এমন ভবন যেখানে সীমিত সচলতা রয়েছে এমন শিক্ষার্থীরা কর্মসূচি ও কার্যক্রমে যাতে অংশগ্রহণ করতে পারে সেজন্য ভবনের নির্মাণ নকশায় কোন বাধা থাকে না বা কোন বাধা থাকলে তা অপসারণ করা হয়। পূর্ণাঙ্গ বা আংশিক উভয় ধরনের প্রবেশযোগ্য স্থানই রয়েছে। নিউ ইয়র্ক হাই স্কুল ডিরেক্টরিতে প্রবেশযোগ্য স্থানের তালিকা দেয়া আছে।

কোন বিষয়গুলো বিবেচনা করতে হবে

হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় আমরা আপনাকে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করার পরামর্শ দেব:

- *যোগ্যতা:* আবেদনপত্রে কোন স্কুলটি অন্তর্ভুক্ত করবেন সে সম্পর্কে সিদ্ধান্ত নিতে সবচেয়ে প্রথম বিবেচ্য বিষয় হল "যোগ্যতা"। ডিরেক্টরিতে প্রতিটি স্কুলের প্রোফাইলের বাম পাশে যোগ্যতার শর্তাবলি দেয়া আছে।
- *প্রাধান্য:* যেসব শিক্ষার্থীদের প্রাধান্য দেয়া হবে তাদেরকে বিভিন্ন দলে ভাগ করা হবে। আসন সংখ্যার ওপর ভিত্তি করে প্রথম প্রাধান্য প্রাপ্ত দলটি ভর্তি করার পর , দ্বিতীয় প্রাধান্যপ্রাপ্ত দলটিকে ভর্তির প্রস্তাব দেয়া হবে।
- *বাছাই পদ্ধতি:*আপনার ও আপনার সন্তানের স্কুলের বাছাই পদ্ধতি বুঝতে হবে। বিভিন্ন ধরনের বাছাই পদ্ধতির কর্মসূচি অন্তর্ভুক্ত করার জন্য পরামর্শ দেয়া হচ্ছে।
- *বিশেষ শিক্ষাসেবা:* বর্তমানে স্কুলে যেসব বিশেষ শিক্ষা পরিষেবা রয়েছে সে সম্পর্কে জানুন। এসব হাই স্কুল ডিরেক্টরিতে পাওয়া যাবে। তবে মনে রাখবেন স্কুল প্রতি বছরই তাদের শিক্ষার্থীদের চাহিদা পূরণের জন্য নতুন নতুন কর্মসূচি ও সেবা গড়ে তোলে।
- *শিক্ষার্থীর সংখ্যা:* স্কুলে কতজন শিক্ষার্থী রয়েছে? কতজন প্রতিবন্ধী শিক্ষার্থী রয়েছে?

হাই স্কুলে ভর্তির গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- *অক্টোবর ৩ এবং ৪, ২০০৯:* শহরভিত্তিক হাইস্কুল মেলা
- *অক্টোবর ২৪ এবং ২৫, ২০০৯:* বরো হাই স্কুল মেলা
- *নভেম্বর ৭-২২,২০০৯:* বিশেষায়িত হাই স্কুল ভর্তি পরীক্ষার তারিখ (বিস্তারিত তথ্যের জন্য হাই স্কুল ডিরেক্টরি দেখুন)
- *ডিসেম্বর ৪, ২০০৯:* হাই স্কুলে ভর্তির জন্য আবেদনপত্র জমাদানের শেষ তারিখ।

অতিরিক্ত রিসোর্স

- এনওয়াইসি পাবলিক হাই স্কুলের ডিরেক্টরি
- ডিওই-এর প্রকাশনা ওয়েবসাইট: http://schools.nyc.gov/ChoicesEnrollment/High/Publications
- "হাইস্কুলে ভর্তিচ্ছু প্রতিবন্ধী শিক্ষার্থী: ২০০৮-২০০৯-এর প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন: http://schools.nyc.gov/Academics/SpecialEducation/ParentResources

للحصول على نسخة مترجمة من هذه الوثيقة، المرجو التحدث إلى منسق شؤون الآباء بمدرستك أو زيارة الموقع الإلكتروني أدناه .	이 문서의 번역본이 필요하시면 학부모 코디네이터에게 문의하시거나 아래 웹사이트를 참조하십시오.
এই নথির অনূদিত সংস্করণের জন্য অনুগ্রহ করে আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলুন অথবা নিচের ওয়েবসাইট দেখুন।	За переводом этого документа обратитесь к координатору по работе с родителями или посетите указанный ниже вебсайт.
如要獲得本文件的譯本，請向您子女所在學校的家長專員索取或瀏覽下面的網站。	Si necesita una versión traducida de este documento, por favor hable con su coordinador(a) de padres o visite el sitio Web que le indicamos a continuación.
Pou jwenn yon vèsyon dokiman sa a ki tradui, tanpri pale avèk koòdonatè paran w lan oubyen ale nan sit wèb ki anba a.	اس دستاویز کے ترجمہ شدہ متن کے لیے، براہِ کرم اپنے والدین ربط دہندہ سے بات کریں یا ذیل کی ویب سائٹ پر جائیں۔
http://schools.nyc.gov/ChoicesEnrollment/High	